


কোটেশন বিজ্ঞপ্তি

মৎস্য অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় মির্জাপুর পৌরসভার অন্তর্গত বাইলা বিল এবং ফতেপুর ইউনিয়নের বারকাঠি বিল এবং আনাইতারা ইউনিয়নের মশজান বিল ও সংলগ্ন প্লাবনভূমিতে সুস্থ, সবল ও জীবন্ত রুই জাতীয় মাছের পোনা অবমুক্তির নিমিত্তে প্রকৃত পোনা উৎপাদনকারী/ সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তাবলী মোতাবেক কোটেশন আহ্বান করা যাচ্ছে। কোটেশন সমূহ আগামী ১২/০৮/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাংগাইল এর দপ্তরে রক্ষিত কোটেশন ব্যাল্ডে গ্রহন করা হবে এবং ঐ দিনই বেলা ১২.১৫ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোটেশন খামের উপর দরতার নাম, ঠিকানা ও কাজের নাম উল্লেখ করে সীলগালা অবস্থায় জমা দিতে হবে। খামের উপর ঠিকানা ছাড়াও “০৯/০৮/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২.১৫ ঘটিকার পূর্বে খুলিবেন না” উল্লেখ করতে হবে।

শর্তাবলী

- ১। রুই জাতীয় মাছের পোনা অর্থাৎ কাতলা, রুই, মৃগেল ও কালিবাউশ সরবরাহ করতে হবে। সরবরাহকৃত রুই জাতীয় মাছের পোনা যার মধ্যে কাতলা ৩০%, রুই ৪০% .মৃগেল ২০%, কালিবাউস ১০% হতে হবে।
- ২। সরবরাহকৃত রুই জাতীয় মাছের পোনার আকার ১০-১৫ সেঃ মিঃ হতে হবে।
- ৩। সরবরাহকৃত দেশী প্রজাতির রুই জাতীয় মাছের পোনা সুস্থ, সবল, নিরোগ, অক্ষত এবং জীবিত অবস্থায় সরবরাহ করতে হবে।
- ৪। নির্দিষ্ট প্রজাতির উপযুক্ত আকারের সুস্থ, সবল, নিরোগ, অক্ষত এবং জীবিত পোনা প্রজাতি ভিত্তিক প্রতি একক কেজির মূল্য, এবং গড় মূল্য যথাযথভাবে অংকে ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে।
- ৫। উল্লেখিত প্রতি কেজি পোনা মাছের গড় মূল্যের উপর সর্বনিম্ন কোটেশন দাতার কোটেশন গ্রহন করা হবে এবং পোনা মাছ সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
- ৬। কোটেশন দাতার নিজ ব্যয়ে পোনা মাছ পরিবহন করে কার্যাদেশে উল্লেখিত স্থানে সরবরাহ ও অবমুক্তির জন্য পোনা অবমুক্ত ও গ্রহন কমিটির উপস্থিতিতে অবমুক্তি করার ব্যবস্থা করতে হবে।
- ৭। কার্যাদেশে বর্ণিত নির্ধারিত তারিখের আগে বা পরে পোনা মাছ সরবরাহ করা হলে সে পোনা মাছ গ্রহন করা হবে না।
- ৮। প্রতিষ্ঠান বা খামারের প্যাডে কোটেশন দাখিল করতে হবে এবং পোনা মাছের প্রজাতির নাম, শতকরা হার, পোনা মাছের আকার, প্রজাতি ভিত্তিক প্রতি কেজি পোনা মাছের একক দর ও গড় মূল্য (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে। কোটেশন দাতার নাম, ঠিকানা, প্রতিষ্ঠানের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ ও সিলসহ স্বাক্ষর করতে হবে।
- ৯। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অথবা কমিটি কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ে এবং নির্ধারিত স্থানে জীবন্ত ও সুস্থ, সবল, পোনা মাছ অবশ্যই সরবরাহ করতে হবে। অন্যথায় তীর কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ১০। দরপত্রের কোন শর্ত ভংগের জন্য পোনা মাছ গৃহীত না হলে কর্তৃপক্ষকে কোন প্রকার দায়ী করা যাবে না এবং কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান করা হবে না। পোনা মাছ সরবরাহের কার্যাদেশ অনুযায়ী সম্পূর্ণরূপে অবমুক্তির পূর্বে কোন অগ্রিম/আংশিক বিল প্রদান করা হবে না।
- ১১। পোনা মাছ সরবরাহ করার পর ০২ (দুই) কপি বিল সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল এর বরাবর দাখিল করতে হবে।
- ১২। কোটেশন দাতার বিল হতে নিয়মানুযায়ী আয়কর, ভ্যাট ও অন্যান্য সরকারী কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।
- ১৩। জলাভূমি নির্বাচন ও পোনা মাছ সংগ্রহ কমিটি কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহন অথবা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(প্রনব কুমার কর্মকর্তা)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনা মাছ সংগ্রহ কমিটি,
মির্জাপুর, টাংগাইল।